

- এমপিও কার্যক্রম অনলাইনে ও বিকেন্দ্রীকরণের ফলে উপজেলা কার্যালয় হতে এমপিও কার্যক্রম শুরু হওয়ায় শিক্ষা সেবা প্রদান অধিকতর সহজ হয়েছে এবং শিক্ষক-কর্মচারী নিজ ঘরে বসেই অনলাইনে তাঁদের আবেদনের অগ্রগতি অবলোকন করতে পারছেন। প্রতিবছরের ন্যায় ০১ জানুয়ারি সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় বিনামূল্যে বিতরণকৃত পাঠ্যপুস্তক পৌঁছানোর কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নতুন বছরে মাসিক ভিত্তিতে পরিদর্শন করা ও প্রতিবেদন প্রেরণ করার কার্যক্রম চলমান। প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুমে ক্লাস গ্রহণ ও ড্যাসবোর্ডে এন্ট্রি প্রদানে সক্ষম করা হয়েছে, নতুন নিয়োগকৃত শিক্ষকদের MPOসহ এমপিও সংক্রান্ত সকল কাজ অনলাইনে সম্পন্ন করা হয়েছে। ফলে শিক্ষকগণ ঘরে বসে MPO আবেদন ও MPO প্রাপ্তি নিশ্চিত হচ্ছেন।